



শেখ হাসিনার
উদ্যোগ
মুজিব মন্ত্রণালয়

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১

পলাশবাড়ী, সাভার, ঢাকা।

নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত পদে স্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত পার্শ্ব বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৩ (তিন) টি (নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম বেশি হতে পারে)।	০৯ জুন'২০১৯ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর। তবে মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে ৩২ বছর।	১৮৩০০/- হতে ৩২৭৪০/-	H.S.C with at least Second Division or CGPA 2.25 out of 4.00 or CGPA 2.50 out of 5.00 or equivalent.

- কম্পিউটারে বাংলা ও ইংরেজী কী স্পীড প্রতি মিনিটে যথাক্রমে ২০ (বিশ) শব্দ ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা ও এর উপর পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। প্রার্থীকে বাংলা, ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। সুন্দর ও মনোরম কাজ করার ক্ষমতা থাকতে হবে। নথিকরণ, যোগাযোগ ও তথ্য সংরক্ষণ সম্পর্কে সঠিক জ্ঞান থাকতে হবে। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ১৮,৩০০/- (আঠার হাজার তিনশত) টাকা মূল বেতনসহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বৎসরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ডেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব স্যালারী প্যাটার্ন এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা যেতে পারে।
- আগ্রহী প্রার্থীগণ (pbs1.dhaka.gov.bd) ওয়েব সাইট হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক যথাযথভাবে পূরণ করে জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, পলাশবাড়ী, সাভার, ঢাকা এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী ০৯ জুন'২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।
- আবেদনপত্রের সাথে জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে।
- জেলা কোটার প্রাপ্যতা অনুযায়ী শুধুমাত্র ঢাকা, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, মাদারীপুর, জামালপুর, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, ব্রাহ্মণবাড়ীয়া, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, রাজশাহী, নওগাঁ, নাটোর, ঠাকুরগাঁও, রংপুর, বগুড়া, পাবনা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, নড়াইল, চুয়াডাঙ্গা, সিলেট, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- আবেদন ফরম A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- অত্র সমিতির বোর্ড পরিচালক/মহিলা পরিচালক এবং কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারীদের স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় আত্মীয়-স্বজনদের আবেদন করার প্রয়োজন নাই।
- নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা/বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, স্বাক্ষর বিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।
- বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন নিবেচনা করা হবে না।
- অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহেন।
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

জেনারেল ম্যানেজার